

## সম্মানিত বিচারকের প্রতি নির্দেশনা

১. প্রত্যেক প্রতিযোগীর জন্য সময় বরাদ্দ থাকবে (আরবি বিষয়: ০৩ মিনিট এবং ইসলামি জ্ঞান বিষয়: ০২ মিনিট) মোট ০৫ মিনিট।
২. ভুলবশত বা অনাকাঙ্ক্ষিতভাবে কোন প্রতিযোগী যেন প্রতিযোগিতায় অংশগ্রহণ করা থেকে বাদ না পড়ে সেদিকে লক্ষ্য রাখতে হবে।
৩. প্রতিযোগিতা শেষ হওয়ার পরপরই ফলাফল প্রকাশ করতে হবে এবং বিজয়ীদেরকে পুরস্কার প্রদান করতে হবে।
৪. অংশগ্রহণকারী প্রতিযোগীদের মধ্যে ২৫% জনকে বিজয়ী ঘোষণা করতে হবে এবং তারা পুরস্কার পাবে।
৫. জিলা পর্যায়ে বিজয়ীদের তালিকা তৈরী করে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধির নিকট প্রদান করতে হবে।
৬. বিচারকগণের সামনে টেবিলে ০২টি বক্স থাকবে। ০১ নং বক্সে থাকবে আরবিতে বক্তৃতার বিষয়, ০২ নং বক্সে থাকবে ইসলামি জ্ঞানের বিষয়। প্রতিযোগী বিচারকের সামনে নিজ হাতে প্রথমে আরবিতে বক্তৃতার বিষয় তুলবে এবং সেই বিষয়ে আরবিতে বক্তৃতা করবে অতঃপর ০২ নং বক্স হতে ইসলামি জ্ঞানের বিষয় তুলবে এবং সেই বিষয়ে বাংলায় প্রশ্নের উত্তর দিবে।
৭. সময় শেষ হওয়ার সাথে সাথে বিচারক বেল বাজাবেন।
৮. সর্বক্ষেত্রে বিচারকের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
৯. বিচারকগণ ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় হতে সম্মানী পাবেন।

স্বাক্ষরিত/-  
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)  
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়